



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৬৩.২৭.০৩৫.২২- ২৪৬৬


তারিখঃ ০১/১১/২০২২ খ্রি:।

**বিষয়: অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

- সূত্র: ১। জনাব মো: বদিউল আলম, ২নং ওয়ার্ড কাউন্সিলর, সীতাকুন্ড পৌরসভা, চট্টগ্রাম এর আবেদন।  
২। বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম এর স্মারক নং ০৫.৪২.০০০০.০৪১.০৮.০০২.২০-৫৩২; তারিখ: ০১/০৯/২২খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার সীতাকুন্ড পৌরসভার ২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মো: বদিউল আলমকে সীতাকুন্ড পৌরসভার মেয়র কর্তৃক আনীত অভিযোগের ভিত্তিতে স্থানীয় সরকার বিভাগের পৌর-১ শাখার ১৭/০৫/২০২২ খ্রি: তারিখের ৬০০ সংখ্যক পত্রে তাঁকে সাময়িক বরখাস্ত করা হয়। অতঃপর আনীত অভিযোগের বিষয়ে তদন্ত কার্যক্রম গ্রহণ করা হয় এবং প্রাপ্ত তদন্ত প্রতিবেদন পর্যালোচনার প্রেক্ষিতে চট্টগ্রাম জেলার সীতাকুন্ড পৌরসভার ২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মো: বদিউল আলম (বর্তমানে সাময়িক বরখাস্ত) কে ক্ষমা প্রদানপূর্বক এ বিভাগের পৌর-১ শাখার ১৭/০৫/২০২২ খ্রি: তারিখের ৬০০ সংখ্যক পত্রে সাময়িক বরখাস্ত সংক্রান্ত জারীকৃত প্রজ্ঞাপন নির্দেশক্রমে বাতিল করা হল।

০২। যেহেতু সীতাকুন্ড পৌরসভার ২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মো: বদিউল আলম সীতাকুন্ড পৌরসভার মেয়র বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব বদিউল আলমকে যথাযথ সন্মান দেখাতে ব্যর্থ হয়েছেন, সেহেতু ভবিষ্যতে এরূপ কোন ঘটনার পুনরাবৃত্তি যেন না ঘটে সে মর্মে তাঁকে নির্দেশক্রমে সতর্ক করা হল।

  
০১/১১/২০২২  
(মো: আব্দুর রহমান)  
উপসচিব  
ফোনঃ ৯৫১৪১৪২

জনাব মো: বদিউল আলম  
২নং ওয়ার্ড কাউন্সিলর, সীতাকুন্ড পৌরসভা, চট্টগ্রাম।

**অনুলিপি:**

- ১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্ম-সচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মেয়র, সীতাকুন্ড পৌরসভা, চট্টগ্রাম।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।